

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম  
a2i.gov.bd  
Dhaka



জরুরি

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১১.১২.০০১.২০.২৬

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

বিষয়: ডিজিটাল সেন্টারের ১০ম বর্ষপূর্তি ও মুজিববর্ষ উপলক্ষ্যে ডিজিটাল সেন্টারের মাধ্যমে ই-সেবা ক্যাম্পেইন ২০২০ পালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সরকারি-বেসরকারি সকল সেবা সহজে ও কম খরচে পৌঁছে দেওয়ার লক্ষ্যে ২০১০ সালের ১১ নভেম্বর মাননীয় প্রধানমন্ত্রী দেশের সকল ইউনিয়নে ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্বোধন করেন যা ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে অন্যতম মাইলফলক হিসেবে স্বীকৃত হয়েছে। বর্তমানে দেশব্যাপী ৬৬৮৬টি ডিজিটাল সেন্টারে কর্মরত ১৩৫০০+ উদ্যোক্তা ২৭০-এর অধিক সরকারি-বেসরকারি সেবা প্রদান করছেন। জনগণের সেবাপ্রাপ্তির বিশ্বস্ত এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠার পর থেকে ০৫ (পাঁচ) কোটির অধিক সেবা প্রদান করেছে, এর স্বীকৃতিস্বরূপ ডিজিটাল সেন্টার ২০১৪ সালে 'ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS)-২০১৪' আন্তর্জাতিক পদক অর্জন করেছে।

২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী 'মুজিববর্ষ' ও ডিজিটাল সেন্টারের এক দশকপূর্তি উদযাপনের অংশ হিসেবে ডিজিটাল সেন্টারের মাধ্যমে মাসব্যাপী 'ই-সেবা ক্যাম্পেইন ২০২০' পালনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষ্যে অক্টোবর ২০২০ হতে ১০ নভেম্বর ২০২০ পর্যন্ত দেশব্যাপী 'ই-সেবা ক্যাম্পেইন ২০২০' পালন ও ডিজিটাল সেন্টারের প্রচারাভিযান কর্মসূচি পরিচালিত হবে। ক্যাম্পেইনে একসেবা প্ল্যাটফর্মে প্রতিবেদন দাখিল ও ই-সেবা (সংযুক্ত) প্রদানের ওপর ভিত্তি করে সারাদেশ থেকে ১৮ জন বিজয়ী উদ্যোক্তা নির্বাচন ও পুরস্কৃত করা হবে।

৩। বর্ণিতাবস্থায়, ক্যাম্পেইনটি সফলভাবে পরিচালনায় ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহযোগিতা ও নির্দেশনা প্রদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো।

১৫-১০-২০২০

ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৫৫০০৬৯৩১

ফ্যাক্স: ৫৫০০৬৯৩৬

ইমেইল: mannan@a2i.gov.bd

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১১.১২.০০১.২০.২৬/১(৪৮৯)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭

১৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৪৭২

১৫-১০-২০২০

ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দিরাই, সুনামগঞ্জ।



[www.derai.sunamganj.gov.bd](http://www.derai.sunamganj.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪৬.৯০২৯.০০০.৩০.০০৬.১৯.১০৯৩

তারিখ: ৯ কার্তিক ১৪২৭

২৫ অক্টোবর ২০২০

উল্লিখিত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

*(Signature)*

২৫-১০-২০২০

মো: সফি উল্লাহ

উপজেলা নির্বাহী অফিসার

ফোন: ০৮৭২৪৫৬০১৭

ইমেইল: [unoderai@mopa.gov.bd](mailto:unoderai@mopa.gov.bd)

উদ্যোক্তা.....

ইউ/পি (সকল), দিরাই, সুনামগঞ্জ।